# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩০৫২

২১. উত্তরাধিকার অধ্যায় (كتاب الفرائض)

পরিচ্ছেদঃ ৩১. ওয়ালা (মালিকানা স্বত্ব) সম্পর্কে

باب الْوَلَاءِ

আরবী

أَخْبَرَنَا يَزِيدُ بْنُ هَارُونَ أَخْبَرَنَا أَشْعَثُ عَنْ الْحَكَمِ وَسَلَمَةَ بْنِ كُهَيْلٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ شَدَّادٍ أَنَّ ابْنَةَ حَمْزَةَ أَعْتَقَتْ عَبْدًا لَهَا فَمَاتَ وَتَرَكَ ابْنَتَهُ وَمَوْلَاتَهُ بِنْتَ حَمْزَةَ فَقَسَمَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِيرَاثَهُ بَيْنَ ابْنَتِهِ وَمَوْلَاتِهِ بِنْتِ حَمْزَةَ نِصْفَيْنِ

বাংলা

৩০৫২. আবদুল্লাহ ইবনু শাদ্দাদ থেকে বর্ণিত। তিনি বলেন, হামযা রাদ্বিয়াল্লাহু আনহু এর কন্যা তার একটি দাসকে মুক্ত করেন। এরপর মুক্তদাসটি একটি কন্যা সন্তান ও তার মুক্তিদাত্রী হামযার কন্যাকে রেখে মারা যায়। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার পরিত্যক্ত সম্পদ তার সেই কন্যা ও মুক্তিদাত্রী হামযার কন্যার মধ্যে অর্ধেক-অর্ধেক করে বণ্টন করেন।[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: সনদটি যয়ীফ আশআস ইবনু সিওয়ারের দুর্বলতার কারনে। আর এটি মুরসাল।

তাখরীজ: আব্দুর রাযযাক আল মুসান্নাফ নং ১৬২১০; তাবারাণী, কাবীর ২৪/৩৫৫, ৩৫৭ নং ৮৮০,৮৮৫,৮৮৬; ইবনু আবী শাইবা ১১/২৬৭ নং ১১১৮২, ১১১৮৪; সাঈদ ইবনু মানসূর নং ১৭৩, ১৭৪; বাইহাকী, ফারাইয ৬/২৪১ সনদ সহীহ। এছাড়া, ইবনু মাজাহ ২৭৩৪; হাকিম ৪/৬৬; সহীহ সনদে।...

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু শাদ্দাদ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=83337

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন